# ২০২৬

# বাংলা

**(প্রোগ্রাম)**

**জেনেরিক ইলেকটিভ কোর্স (GE)**

**ষষ্ঠ সেমেস্টার**

**কোর্স কোড : BENG-G-GE-T-2**

**( পরিবেশ ভাবনা ও বাংলা সাহিত্য)**

**[নতুন পাঠক্রম]**

**[CBCS]**

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ‘ফল দেব, ফুল দেব, দেব আমি পাখিরও কূজন’— কার বক্তব্য কোন কবিতায় বিধৃত আছে?

খ) ‘প্রকৃতি পাঠ’ উপন্যাসটি প্রথম কোন পত্রিকায় কবে প্রকাশিত হয়েছিল?

গ) “মধুকর ডিঙা থেকে না জানি সে কবে চাঁদ চম্পার কাছে...” — এখানে ‘চাঁদ চম্পা’ বলতে কাদের বোঝানো হয়েছে?

ঘ) বিমল কর - এর ‘অশ্বত্থ’, গল্পে নবনী কোথা থেকে বাজার করে আনে?

ঙ) ‘অরণ্য দেবতা’ প্রবন্ধটি কোথায় এবং কোন উদ্দেশ্যে কথিত হয়েছিল?

চ) জ্যোতিরিন্দ্র নন্দীর ‘গাছ’ গল্পটি প্রথম কোন পত্রিকায় কত সালে প্রকাশ হয়?

(পরের পাতায়)

ছ) 'বনবাণী' কাব্যগ্রন্থটির ভূমিকাটি কবে রচিত হয়েছিল?

জ) পরিবেশ ভাবনামূলক দুটি গ্রন্থের নাম করো।

ঝ) 'অকাজের বউ' গল্পের কথকের গ্রামের নাম কী ছিল?

ঞ) রেণু, অরণি এই দুটি চরিত্র কোথায় আছে?

ট) 'রূপসী বাংলা' গ্রন্থের প্রকাশকাল লেখো। এই গ্রন্থে কতগুলি কবিতা আছে?

ঠ) 'হলকর্ষণ' কথিকাটিতে মানুষের সঙ্গে অন্য পশুদের পার্থক্য হিসাবে কী বলা হয়েছে?

ড) 'ছায়ার জন্য' কবিতায় কার কাছে সব কৃতজ্ঞতা সমীপেষু করা যায় বলে কবি সুনীল গঙ্গোপাধ্যায় মনে করেছেন?

ঢ) জীবনযাত্রার প্রথম অবস্থায় মানুষ জীবিকা নির্বাহের জন্য কী করত?

ণ) "কিভাবে যে এই তিন প্রতিভাবানকে একসঙ্গে স্মরণ করার শর্টকার্ট পথ আধুনিক বাঙালি প্রজন্ম আবিষ্কার করেছে..." — 'তিন প্রতিভাবান' বলতে কাদের বোঝানো হয়েছে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'তোর বাড়িটা খুব সুন্দর রে'—কে কাকে এই কথাটি বলেছে? কী দেখে বক্তার মনে হয়েছে বাড়িটি সুন্দর? ১+১+৩

খ) 'সুধাপ্রসন্ন এখনো স্টেটসম্যানকেই একমাত্র কাগজ মনে করেন'— উদ্ধৃত লাইনটির উৎস উল্লেখ করে বিবরণ দাও যে উক্ত স্টেটসম্যানে কী ছাপানোর জন্য কী কী কাণ্ড করেন সুধাপ্রসন্ন?

গ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতা অবলম্বনে কবির স্বদেশের রূপমুগ্ধতার স্বরূপ বিশ্লেষণ করো।

ঘ) জ্যোতিরিন্দ্র নন্দীর 'গাছ' গল্পটিতে গাছের থেকে মানুষেরা কী কী সুবিধা আদায় করতো?



ঙ) "ধানের জমিতে কারখানা গড়লে মানুষ খাবে কী? লোহালক্কড়ে তো পেট ভরবে না।" — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো।

চ) 'ছায়ার জন্য' এই কবিতায় কবি গাছের থেকে পুরানো কালের বন্ধু হিসেবে কী কী প্রার্থনা করেছেন?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'অকাজের বউ' গল্পটিতে বৌটি কি সত্যই অকাজের? এমন নামকরণের যৌক্তিকতা বিচার করো।

খ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসের প্রধান চরিত্র কীভাবে প্রকৃতি নিয়ে ভেবেছেন তা বুঝিয়ে দাও।

গ) 'হলকর্ষণ' কথিকায় রবীন্দ্রনাথের বক্তব্য নিজের ভাষায় প্রকাশ করো।

ঘ) 'তবু ক্ষুদ্র এ শরীরে গোপনে মর্মর ধ্বনি বাজে'— উদ্দিষ্ট বক্তার শরীর ক্ষুদ্র কেন? বক্তা ক্ষুদ্র শরীরে আগামীতে কী কী কাজ করতে চায়? 'আগামী' কবিতা অবলম্বনে বিস্তৃত আলোচনা করো।

———